# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪১৭

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - যুদ্ধবিগ্রহ সম্পর্কীয়

الفصل الاول (بَاب الْمَلَاحِمِ)

আরবী

وَعَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «لَتَفْتَحَنَّ عِصَابَةٌ مِنَ الْمُسْلِمِينَ كَنْزَ آلِ كِسْرَى الَّذِي فِي الْأَبْيَضِ» . رَوَاهُ مُسلم

رواه مسلم (78 / 2919)، (7331) ـ
(صَحِيح)

বাংলা

৫৪১৭-[৮] জাবির ইবনু সামুরাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (সা.) -কে বলতে শুনেছি। [রাসূল (সা.) বলেছেন] নিশ্চয় মুসলিমদের এক দল ’কিসরার’ (পারস্যের) সম্রাট বংশের গোপন সম্পদ জয় করবে যা একটি শ্বেত প্রাসাদে রক্ষিত রয়েছে। (মুসলিম)

ফুটনোট

সহীহ: মুসলিম ৭৮-(২৯১৯), মুসনাদে আহমাদ ২০৮৫৪, সহীহুল জামি ৫০৭১, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১৮৬৯, আল মুসতাদরাক লিল হাকিম ৮৫৭৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা : ইমাম শাফিঈ (রহিমাহুল্লাহ)-সহ সকল ‘উলামাগণ বলেছেন যে, এর অর্থ হলো : ‘ইরাকে কিসরা বলতে কিছু থাকবে না এবং সিরিয়াতে কায়সার রাজত্বও থাকবে না যেমনটা নবী (সা.) -এর যামানায় ছিল। নবী (সা.) আমাদেরকে কিসরা ও কায়সার টুকরা টুকরা হয়ে যাওয়ার বিষয়ে জানিয়ে দিয়েছেন। অতএব নবী (সা.) যা বলেছেন, তাই বাস্তবায়িত হবে। অতএব মুসলিমগণ সে দুটি নগরীতে বিজয় লাভ করবে এবং মুসলিমদের জন্য

তা আবাসস্থল হবে। আল্লাহর জন্যই সকল প্রশংসা”। আর মুসলিমগণ কিসরা ও কায়সারের সমস্ত সম্পদগুলো আল্লাহ তা'আলার রাস্তায় ব্যয় করবে। যেমনটা নবী (সা.) বলেছেন। (শারহুন নাবাবী ১৮ খণ্ড, ৪১০ পৃ., হা. ২৯১৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85395

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন